মানুষ হতে – লতিফুল ইসলাম

শাক দিয়ে মাছ যায় না ঢাকা সারা জনম ভর
সত্যের জয় দেরিতে হলেও হবেই যে নড়চড়।

শক্তি দিয়ে জয় করিলেও ঠুনকো ভেবে নিও
অসির চেয়ে মসির মূল্য সারা জনম দিও।

সৎ থাকাটা দরকারি যে সকল লোকেই বলে
অসৎ লোকের গলাবাজি সবকাজে না চলে।

তেলা মাথায় তেল দেওয়াটা দেখি কারো কাজে
নিন্দুকেরে সকল লোকেই বলে এখন বাজে।

অহিংসা পরম ধর্ম গুণীজনে কয়
সত্যিকারের মানুষই হবে আসল পরিচয়।

নিরব অভিমান – মাকসুদা খাতুন সশি

বড্ড অভিমানি ছিলাম আমি ,কিন্তু!
এখন আমার অভিমানের জায়গাটা নিভু নিভু মোমের আলো।

কষ্টের মাঝে কান্না লুকাতে শিখে গেছি,
অভিমান হলে পারি আমি হাসতে।

মনের আকাশে জমে থাকা অভিমানের মেঘ
এখন আর বৃষ্টি হয়ে ঝরে না।

অভিমান পুঞ্জিভূত হতে হতে
বিচ্ছেদের দূরত্ত্ব অনেক বাড়িয়ে দিয়েছে।

চাপা কান্নায় সিক্ত হওয়া অন্তর
আজ মরুভূমির মতো শুকিয়ে গেছে ।

[illegible]

[illegible]

[illegible]

সাদা মেঘ জেগে আছে

এ কোন পরশে।

মনে পড়ে কবেকার,

সেই,সেদিনের অভিলাষ,

পাশাপাশি দুটি মনের

সাদাসিধে বৃষ্টিবিলাস।

ঝিরিঝিরি বাতাসে আজ

মন চাই হারাতে

আকাশে জমে থাকা

ঘন কালো মেঘেতে

সুখের তালাশে – মেশকাতুন নাহার

ও পারে সুখের ঠিকানায়
এ আমি তালাশে নিরালায়
কি এক জটিল মায়াজালে,
এ মন প্যাঁচালো কুটচালে।

সে পীড়া মনের মোহনায়,
এ আঁখি জোয়ারে কান্নায়। সে জ্বালা সবার অগোচরে, তা ক্ষত হয়েছে গহ্বরে।

ও মাঝি নাওনা কিনারায়,
এ আমি ভাসছি নিরাশায়। পা ফেলে নদীর লহরীতে, সে চলে গতির বিপরীতে।

না জেনে নেমেছি তটিনীতে, এ মোর বেদনা ধমনীতে।
কি করি বলো’না প্রতিকার,
সে হেতু ভাবনা লেখিকার।

ও মাঝি ধরো’না দুটিহাত
এ হৃদে লাগছে করাঘাত
সে আমি করছি আহবান,
এ প্রাণ পেয়েছে জ্ঞানদান।

সজীব শরৎ -শচীন্দ্র নাথ গাইন

মিষ্টিরোদের হালকা ছোঁয়া
সূয্যি ওঠে হেসে,
ঝলমলে দিন কাটতে থাকে
আলতো হাওয়ায় ভেসে।

নীল আকাশের শান্ত ছায়ায়
মেঘবালিকা নাচে,
কচিপাতায় দুলুনি খায় চিরহরিৎ গাছে।

নদীর তীরে কাশের বনে মৃদু কাঁপন লাগে,
শিশিরভেজা দূর্বাঘাসে প্রাণের পরশ জাগে।

স্বচ্ছ জলে বালিহাঁসে নিবিড় সাঁতার কাটে,
চোখ জুড়ানো রূপ মনোহর কাজলমাখা মাঠে।

এই বৃষ্টি আসে ঝেঁপে হঠাৎ আবার থামে,

সজীবতার খবর শরৎ
পাঠায় সবুজ খামে।

ধীরে বহে – লুৎফুর রহমান চৌধুরী

শান্ত সাগর ক্লান্ত নগর
মেঘে ভরা গগন
দেহ মনে শীতল আবেশ
ধীরে বহে পবন।

মিটি মিটি তারা জ্বলে ঐ আকাশের বুকে
ঘুম ঘুম করে আজ
চাঁদ মামার চোখে।

সাজ ধরে বন গুলো
নব বধূর সাজে
ছুঁইতে গেলে ঐ বন
মরে যেন লাজে।

মিষ্টি সুরে বাজে বাঁশি প্রাণ নেয় কেড়ে
কাশফুল ধীরে ধীরে
যায় উঠে বেড়ে।

সত্যবাদী – প্রসেনজিৎ মণ্ডল

আসুক না যতই যানজট, আসুক না বাঁধাই যত!

তুমি সত্যের পথে চলো, তুমি সত্য কথা বলো।

কিসের এত আহাজারি, কিসের করো তুমি এত ভয়!

সত্যকে ফেলে মিথ্যাকে তুমি কেন করছো,যে আস্রয়।

একটু আকটু মিথ্যা বলে, গড়ছো তুমি ভুলের পাহাড়।

এখনো কিছুই হয়নি, ফিরে এসো সত্যের পথে এবার।

নানান সমস্যা গুলোর মধ্যে তুমি, সত্যকে করো হাতিয়ার।

দেখবে তুমি সত্য ছাড়া, মিথ্যা কথা কখনো কইবেনা আর।

সত্য কথা একটু তেঁতো, তবুও তার ওজন ভারি

মিথ্যা কথা সুনায় মিষ্টি , এ যে দুষ্ট লোকের কারসাজি।

তবুও তুমি সত্য কথা বলো, ন্যায়ের পথে চলো।

কারো কোনো আপদ-বিপদ হলে, তুমি সত্যের পাশে লড়ো।

সত্যকে আনবে সামনে, মিথ্যাকে করবে দূর।

নানান ভাবনার মধ্যে দিয়ে, সত্যকে নিয়ে যাবে তুমি বহু দূর।

কর্মের ফল – মাহবুব-এ-খোদা

পাপের ভারে হৃদয় পোড়ে
জগত জ্বলে হাহাকারে,
পুণ্য আমার নেইকো হাতে
পুলসিরাতের পারাপারে!

পানি বিনে হয় না ফসল জমিন ফাটে দাবানলে,
উর্বরতার উৎস খুঁজে
কালো মেঘের বৃষ্টিজলে।

চলার পথে বিঘ্ন ঘটে
মন্দ কর্মের রোষানলে, পাপ থেকে মন ফিরিয়ে নেবো পুণ্য কাজের ছলেবলে।

জাতি ধর্ম নির্বিশেষে বন্ধ করি মারামারি,
ফুলের মতো হবে জীবন
থাকবে না আর আহাজারি।

ধর্মের রথে কর্মের পথে
করবো নাকো বাড়াবাড়ি,
প্রভুর কৃপায় আসবে না আর
ধুলিরধরায় মহামারি।

ইঁদুরের বিক্ষোভ – হাফিজুর রহমান

রাগ করেছে সকল ইঁদুর
ক্ষেপে উঠেছে ভীষণ,
জমির আলে উঠে – দিচ্ছে নেতা
অগ্নিঝরা ভাষণ।

চলো-চলো ঘেরাও কর
মানুষের বসতবাড়ি,
থেমে-থেমে কর্মীরা করে মিছিল বিড়াল ধরে মারি।

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] – [illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]’[illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]!

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]!

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible],
[illegible]’[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]